# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৬৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৪]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ১৬: সুন্নাহ পালনের গুরুত্ব ও তার কিছু আদব প্রসঙ্গে

(16) ـ باب الأمر بالمحافظة على السنة وآدابها

আরবী

التاسع: عنه أن رسول الله صلى الله عليه وسلم، أمر بلعق الأصابع والصحفة وقال: "إنكم لا تدرون في أيها البركة" (رواه مسلم).
وفي رواية له: " إذا وقعت لقمة أحدكم . فليأخذها فليمط ماكان بها من أذى، وليأكلها، ولا يدعها للشيطان، ولا يمسح يده بالمنديل حتى يلعق أصابعه، فإنه لا يدري في أي طعامه البركة".
وفي رواية له: "إن الشيطان يحضر أحدكم عند كل شيء من شأنه حتى يحضره عند طعامه، فإذا سقطت من أحدكم اللقمة فليمط ما كان بها من أذى ، فليأكلها، ولا يدعها للشيطان".

বাংলা

৯/১৬৮। জাবের রাদিয়াল্লাহু ’আনহু হতেই বর্ণিত, নিশ্চয় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (খাবার পর) আঙ্গুলগুলি ও বাসন চেটে খাওয়ার আদেশ দিয়েছেন এবং বলেছেন, ’’ওর কোনটিতে বরকত আছে তা তোমরা জান না।’’ (মুসলিম)

তাঁর অন্য এক বর্ণনায় আছে, ’’যখন তোমাদের কারো (হাত থেকে) গ্রাস পড়ে যাবে, তখন সে যেন তা তুলে নেয়। অতঃপর তাতে যে ময়লা থাকে তা পরিষ্কার করে তা খেয়ে নেয় এবং তা শয়তানের জন্য ছেড়ে না দেয়। আর যতক্ষণ পর্যন্ত আঙ্গুল না চাটবে, ততক্ষণ যেন সে রুমালে হাত না মুছে। কেননা, সে জানে না যে, তার কোন্ খাবারে বরকত নিহিত আছে।’’

তাঁর এক বর্ণনায় আছে, ’’নিশ্চয় শয়তান তোমাদের কারো নিকট তার প্রত্যেক কাজে হাজির হয়; এমনকি সে তার খাবার সময়েও হাজির হয়। সুতরাং যখন তোমাদের মধ্যে কারো গ্রাস পড়ে যাবে, তখন তাতে যে ময়লা থাকে তা পরিষ্কার করে খেয়ে নেয় এবং তা শয়তানের জন্য না ছাড়ে।’’[1]

## English

(16) Chapter: Observing the Sunnah and the manners of its obedience

Jabir (May Allah be pleased with him) reported:
Messenger of Allah (ﷺ) commanded the licking of fingers (after eating) and the cleaning of the dish, saying: "You do not know in what portion the Blessing (of Allah) lies".

[Muslim].

In another narration, Jabir said: Messenger of Allah (ﷺ) said, "When a morsel of any of you falls down, you should pick it up and remove any dirt or dust on it and then eat it; and don't leave it for Satan; and do not wipe your hand with the towel until you have licked your fingers, for you do not know in what portion of the food the Barakah* (of Allah) lies".

* Barakah is the abundance of goodness and its continuity.

### ফুটনোট

[1] মুসলিম ২০৩৩, ইবনু মাজাহ ৩২৭০, আহমাদ ১৩৮০৯, ১৩৯৭৯, ১৪১৪২, ১৪২১৮, ১৪৫২১, ১৪৮০২, ১৪৮১৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22469

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন